

Translation

Lesson 20

Objectives :



At the end of this lesson you will be able to :

- ⑤ know how to translate from Bengali into English.
- ⑤ understand some examples of translation.
- ⑤ gain a lot of knowledge about English language.
- ⑤ enrich your stock of words.
- ⑤ develop your speed of communication.

প্রত্যেক ভাষার একটি বিশিষ্ট বাক্ভঙ্গী আছে। এক ভাষা হতে অন্য ভাষায় অনুবাদ বা Translation করার সময় সে বাক্ভঙ্গীটি অনুসরণ করে চলতে হয়; শুধু অক্ষর সাজিয়ে দিলে অনুবাদ হয় বটে, কিন্তু তাতে মূল ভাবটি ব্যাহত হয়। বাংলা হতে ইংরেজিতে অনুবাদ করার সময় কিছু নিয়ম পালন করে চলতে হয়। বাংলা বাক্যটিতে যে ভাব ব্যক্ত হয়েছে, ইংরেজিতেও সে ভাবটি যথাযথ প্রকাশ করতে হবে। ইংরেজি Sentence-এর গঠন ও শব্দ প্রয়োগ সে ভাষার ব্যাকরণের নিয়মানুসারে করতে হবে। বাংলাতে যে সব বিশেষণ বা সমাসবদ্ধ পদ থাকে, তাদের সঠিক ইংরেজি জানা না থাকলে প্রায় সে ভাবটি প্রকাশ করে, এরূপ শব্দ বা শব্দসমষ্টি ব্যবহার করবে অথবা তার অর্থ ধরে সরল ইংরেজিতে Translation করতে হবে। শব্দটি একেবারে বাদ দিলে সমস্ত Sentence-টিই একেবারে অর্থহীন হতে পারে। প্রয়োজন হলে ভাবধারা অক্ষুণ্ণ রেখে দুটি ছোট Sentence-কে যুক্ত করে অথবা একটি দীর্ঘ Sentence-কে বিভক্ত করেও Translation করা যেতে পারে। এতে ভুলের আশঙ্কা অল্প থাকে। অনুবাদ যাতে সরল ও প্রাঞ্জল হয় সে দিকে দৃষ্টি দিবে। Tense-এর ব্যবহার সম্বন্ধে সর্বদা সতর্ক থাকবে। মূলকথা এই যে, Passage-টি ভাল করে পড়ে সমগ্র ভাবটি বুঝতে চেষ্টা করবে। তারপর প্রতিটি শব্দ ও বাক্যের পূর্ণ তাৎপর্য বুঝে Translation করবে।

শিক্ষার্থীদের জন্য নিচে কিছু **Translation** উদাহরণস্বরূপ দেখানো হলো :

1. হাজী মোহাম্মদ মহসীন হুগলী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি খুব দয়ালু ছিলেন। তিনি গরীব দিগকে বহু অর্থ দান করেন। ছাত্রদের জন্য তিনি বহু অর্থ ব্যয় করেন। তিনি জীবনে বিবাহ করেননি।

Hazi Mohammad Mohsin was born in the district of Hugli. He was very kind. He gifted much money to the poor. He spent much money for the students. He did not marry in his life.

2. ভোর হয়েছে। শীঘ্রই সূর্য উঠবে। পাখিরা কিচির মিচির করছে। কৃষকেরা মাঠে যাচ্ছে। আর ঘুমিও না। এখন উঠ। হাত মুখ ধৌত কর। খোদার কাছে প্রার্থনা কর। বই লও। পড়তে বস। আল্লাহ আমাদেরকে এ সুন্দর প্রভাত দিয়েছেন।

It is morning. The sun will rise soon. Birds are chirping. Farmers are going to the field. Do not sleep any more. Now get up. Wash your hands and face. Say your prayer to God. Take your book. Sit down to read. Allah has given us this fine morning.

3. মিথ্যা বলা মহা পাপ। মিথ্যাবাদীকে কেহ বিশ্বাস করেনা। সকলেই তাকে ঘৃণা করে। সে জীবনে সুখী হয় না। কখনো মিথ্যা বলোনা। সদা সত্য কথা বলবে। সত্যবাদীকে সবাই বিশ্বাস করে।

To tell a lie is a great sin. Nobody believes a liar. Every body hates him. He does not become happy in life. Never tell a lie. Always speak the truth. Every body believes a truthful man.

4. পাখীরা আকাশে উড়ে। এদের ডানা আছে। পাখীরা গাছে বাসা বাঁধে। তারা স্বাধীনভাবে চলা ফেরা করে। তারা ফলমূল ও পোকামাকড় খায়। কোন কোন পাখী পানিতে সাঁতার কাটতে পারে।

Birds fly in the sky. They have wings. Birds build nest on Trees. They move freely. They eat fruits and insects. Some birds can swim in water.

5. এটা হাসানের পরিবার। তারা দু ভাই ও এক বোন- হাসান, আরিফ ও সাবিনা। এদের আক্বা আম্মাও আছেন। আক্বার নাম মুহাম্মদ আলী। আম্মার নাম শাহানারা বেগম। তারা প্রত্যেকে কাজ করেন। মুহাম্মদ আলী একজন কৃষক, তিনি তার ক্ষেতে কাজ করেন। শাহানারা বেগম রান্না করেন। হাসান বাগানের দেখাশুনা করে।

This is Hasan's family. They are two brothers and a sister- Hasan, Arif and Sabina. They have parents also. Their father's name is Muhammad Ali and the mother's name is Shahanara Begum. Every one of them works. Muhammad Ali is farmer. He works in his field. Shahanara Begum cooks. Hasan looks after the garden.

6. এ আমাদের গ্রাম। গ্রামের নাম শাহপুর। এটা ছোট। মাত্র চারশ লোক এখানে বাস করে। গ্রামের মাঝখানে একটি বিদ্যালয় ও একটি ডাকঘর আছে। দক্ষিণ পার্শ্বে একটি ছোট বাজার আছে। সপ্তাহে দুদিন হাট বসে। হাটে অনেক লোক আসে। কেউ কেউ জিনিস বিক্রি করে।

This is our village. Its name is Shahpur. This is small. Only four hundred people live here. There are a school and a post office in the middle of the village. There is a little market in its south. The market does on two days in a week. Many people come here. Some people sell things.

7. এক ছিল রাজা। তার রাজ্য অনেক বড়। অনেক লোকজন। অনেক ধনসম্পদ। প্রজারা তাকে শ্রদ্ধা করত। রাজা তাদেরকে খুব ভালবাসতেন। কিন্তু তার একটা দুঃখ। কোন ছেলে নাই। তাই তিনি রাজ্য ত্যাগ করলেন। বনে চলে গেলেন। সেখানে তিনি কাঁদলেন লাগলেন। হঠাৎ সেখানে এক দরবেশ এলেন। তিনি রাজার কথা শুনলেন। দরবেশ তাকে বললেন বাড়ী যেতে। আরও বললেন, পরবর্তী বছর তার একটা ছেলে হবে।

There was a king. His kingdom was very big. He had many men. He had much riches and wealth. The subjects respected them. The king loved them very much. But he had a grief. He had no son. So, he left his kingdom. He went into a jungle. He began to cry there. Suddenly there came a darvish. He heard the saying of the king. The darvish told him to go home. Moreover, he said that a son would be born to him in the next year.

8. রাত পোহাল। ভোর হোল। সূর্য উঠছে। পাখীরা গান গাচ্ছে। ফুল ফুটেছে। ফুলে ফুলে মৌমাছি উড়ছে। আকবা ঘুম থেকে উঠেছেন। আকবা নামাজ পড়ছেন। মা চা তৈরী করছেন। আমিও ঘুম থেকে উঠেছি। হাত মুখ ধুয়েছি। এখন পড়তে বসব।

The night is over. It is dawn. The sun is rising. Birds are singing. Flowers have bloomed. Bees are flying from flower to flower. Father has got up from sleep. He is saying his prayer. Mother is making tea. I have also got up from bed. I have washed my hands and mouth. Now I shall sit down to read.

9. ছাগল গৃহপালিত জন্ডু। ছাগল নানা বর্ণের হয়। এরা খুব কষ্ট সহ্য করতে পারে। ছাগল দলবদ্ধ হয়ে থাকতে ভালবাসে। তৃণ ও শস্যযুক্ত স্থান পেলে সেখানে ওরা মনের সুখে চরতে থাকে। তৃণ, গাছের ছাল প্রভৃতি খেয়ে এরা জীবন ধারণ করে। শিক্ষা পেলে এরা নানা রকম ক্রীড়া-কৌতুক দেখাতে পারে। তিব্বত দেশে এক রকম ছাগল আছে। তারা বাণিজ্যদ্রব্য বহন করে। ছাগলের দুধ মিষ্ট ও পুষ্টিকর।

The goat is a domestic animal. Goats are of different colours. They can bear a lot of hardships. Goats like to live in flocks. If they find grassy meadows and corn-fields, they graze there cheerfully. They live on grass, barks of trees and other things. If they are trained, they can show various feats of sports. There is a kind of goat in Tibet. They carry commercial goods. The milk of the goat is sweet and nutritious.

10. এই আমার মা। আমার মায়ের মত আর কেউ নেই। তিনি আমাকে কত লুহ করেন। তিনি সর্বদা আমার যত্ন নেন। তিনি কখনও নিজের সুখ খোঁজেন না। আমাকে সুখী দেখলে তাঁর আনন্দ ধরে না। আমি অসুস্থ হলে মা বড়ই চিন্তিত হন। আমি সুস্থ হলে তাঁর মুখে হাসি ফুটে। আল-হাকে ধন্যবাদ, তিনি আমাকে এমন মা দিয়েছেন। আমি তাঁকে ভালোবাসব ও তাঁর কথা শুনব।

This is my mother. There is none else like my mother. She is too affectionate to me. She always takes care of me. She never looks for her happiness. If she finds that I am happy, her joys know no bounds. If I fall ill, my mother becomes very anxious. If I get well, she puts on smile on her face. Thanks to Allah, He has given me such a mother. I shall love her and obey her.

11. আমাদের বাড়ির খুব নিকটেই নদী আছে। আমরা প্রত্যহ প্রাতে সন্ধ্যায় এর তীরে বেড়াতে যাই। নদীর উভয় পাশে সারি সারি গাছ রয়েছে। নদীর নিকটে প্রশস্ত মাঠ। মাঠে প্রতি বৎসর প্রচুর ধান জন্মে। তখন মাঠ সবুজ দেখায়। নদীর ধারে অনেক গো-মহিষাদি চরে। সূর্যোদয় ও সূর্যাস্তের সময় নদীটি সুন্দর দেখায়। নদীর শীতল ও বিশুদ্ধ বায়ু সেবন করলে স্বাস্থ্য ভাল থাকে।

There is a river very close to our house. Every morning and evening we go out for a walk by the river-side. There are rows of trees on both the banks of the river. There are wide fields near the river. Plenty of paddy grows in the field every year. Then the fields look green. Many cows and buffaloes graze by the river-side. The river looks beautiful at sunrise and sunset. If we inhale cool and fresh air of the river, we keep healthy.

12. হযরত আবদুল কাদের তখন ছিলেন বালক। তিনি বাগদাদে লেখা-পড়া শিখতে যাবেন। মা বললেন, “কখনও মিথ্যা কথা বলো না। বিপদে কখনও ভয় পেয়ো না।” বাগদাদ ছিল তাঁর বাড়ি থেকে বহুদূর। সওদাগারদের সাথে বালক পথ চলতে লাগলেন। পথে ডাকাতের ভয় ছিল। পাঁচদিন পরে তাঁদের দলে ডাকাত

পড়ল। একজন ডাকাত বালককে ধরল। সর্দার বলল, “এর কাছে কিছু নেই। একে ছেড়ে দাও।” বালক বললেন, “না, না, আমার কাছে বিশটি মোহর আছে।”

Hazrat Abdul Kader was then a boy. He would go to Baghdad to study. Mother said, "Never tell a lie. Do not be afraid of danger." Baghdad was far away from his house. He began to walk his way with some merchants. There were fears of robbers on the way. After five days their party was attacked by a gang of robbers. One of them caught hold of the boy. The leader said, "He has nothing with him. Let him go." The boy said, "No, no, I have twenty gold coins with me."

13. সেদিন আমি কলেজে যাচ্ছিলাম। আমার সাথে কয়েকজন সহপাঠী ছিল। হঠাৎ এক প্রহু শব্দ শুনে আমরা পেছনে তাকালাম। দেখলাম একটি ছেলে গাড়ি চাপা পড়েছে। চারপাশে লোকজন চীৎকার করছে। ছেলেটির গায়ে ছেঁড়া জামা; পায়ে জুতা নেই। আমরা আহত ছেলেটিকে হাসপাতালে নিয়ে গেলাম।

That day I was going to college. I had several classmates with me. Suddenly hearing a loud sound, we looked back. We saw that a boy was run over by a car. People around were shouting. The boy had a torn shirt on and he had no shoes. We carried the wounded boy to the hospital.

14. মানুষের এমন কতগুলো বিপদ আছে যা থেকে সমাজ তাকে রক্ষা করতে পারে না। মৃত্যু, শোক, নানা প্রকার নৈরাশ্য ও ব্যাধি চিরদিনই তাকে পীড়িত করেছে। এই সব বিপদ থেকে বাঁচতে হলে চাই আত্মবিশ্বাস ও আল্লাহর প্রতি একান্ত নির্ভরশীলতা।

Man finds some troubles from which society cannot save him. He has always suffered from death, sorrow, various kinds of disappointments and diseases etc. It is only self confidence and absolute reliance on Allah that can save him from troubles.

15. একটি জিনিস আমি লক্ষ্য করেছি সেটি আমি বিচক্ষণ লোকের গোচরে আনতে চাই। ধনীরা পরিশ্রমের ফল হল টাকা। সে ফল যদি কেউ জ্ঞানীর হাতে তুলে দেয় তবে তিনি সেটা আনন্দের সাথে ধনীদের চেয়ে অনেক ভাল পথে কাজে লাগান।

I have observed one thing in particular which I would like to bring to the notice of learned people. The fruit of rich man's labour are wealth. If these fruits are placed in the hands of the wise, they use them with great delight in far better ways than the rich.

16. দূরের পাহাড়গুলি ঘন নীল, যেন আকাশের নীল মেঘ খেলা করতে এসে পৃথিবীতে ধরা পড়েছে। আকাশে উড়বার জন্য যেন পাখা মেলেছে, কিন্তু বাধা আছে বলে উড়তে পারছে না- আকাশ থেকে তার স্বজাতীয় মেঘেরা এসে তার সাথে কোলাকুলি করে যাচ্ছে।

The hills in the distance are deep blue, as if the blue clouds that have come down to the earth to play, have been caught up there. It seems they have spread out their wings to fly in the air, but they can not move because of obstacle- so their fellow clouds are coming down from the sky to embrace them.

17. ধূমপান খুব ক্ষতিকর। এটি ব্যয়বহুলও। এটি পরিবেশকে দূষিত করে। যাঁরা ধূমপান করে তারা বেশি দিন বাঁচতে পারে না। ধূমপান করলে ক্যান্সার, হৃদরোগ ও শ্বাসযন্ত্রের রোগ হয়। তাই সবার ধূমপান বর্জন করা উচিত।

Smoking is very harmful. It is expensive too. It pollutes the environment. Those who smoke cannot live long. Smoking causes cancer, heart-attack and diseases of the respiratory organs. So everyone should give up smoking.

18. ইংরেজি ভাষা শেখা যে কত প্রয়োজন তা এখন আমরা পুরোপুরি উপলব্ধি করি। ইংরেজি না জানলে আমাদের মত একটি দেশ উন্নত দেশগুলির সাথে সমান তালে চলতে পারে না। আজকাল আন্তর্জাতিক সম্পর্ক ও ব্যবসা-বাণিজ্যের মাধ্যম ইংরেজি। পৃথিবীর জ্ঞান-বিজ্ঞানের পুস্তকের বেশির ভাগ লেখাই ইংরেজি ভাষায়। তাই যে জাতি ইংরেজিতে যত বেশি পারদর্শী সে জাতি সকল দিক থেকে তত বেশি উন্নত।

Now, we realize completely how necessary it is to learn English language. The country like ours cannot keep pace with other developed countries without knowing English. Nowadays English is a medium of international affairs as well as trade and commerce. Most of the books of knowledge and science of the world are written in English. So, the nations, who are more expert in English, are more developed in all respects.

19. জীবন কি? এ প্রশ্নের জবাব অনেকেই দিতে পারবে না। অনেকে কিছুই বলতে পারবে না। অনেকে নানা উল্টা-পাল্টা কথা বলবে। আসলে মানুষ জীবন নিয়ে খুব কমই ভাবে। বুদ্ধিমান শিক্ষিত লোকেরা এর ব্যতিক্রম নয়। আশ্চর্য যে, মানুষ তার জীবনের সবচেয়ে বড় প্রশ্নটিকেই ভুলে থাকে। খুব কম মানুষই জীবনকে চেনে। নিজে নিজের কাছে অপরিচিত থেকে যায়। এভাবেই জীবন একদিন শেষ হয়ে যায়।

What is life? Many can not answer this question. Many can not say anything. Many will talk nonsense in different ways. Indeed, man thinks a little about life. The educated and intelligent are not exceptional to this. It is a matter of wonder that men are in oblivion about the greatest question of their lives. Very few people know about what is life. One remains unknown to oneself. In this way one day the life comes to an end.

20. আশাবিহীন জীবন নেই। সবার জীবনে কোন না কোন আশা থাকে। কেউ ডাক্তার হতে চায়, কেউ ইঞ্জিনিয়ার হতে চায় আবার কেউ বা বড় কর্মকর্তা হতে চায়। তবে বেশির ভাগেরই ইচ্ছা ধনী হওয়ার। হঠাৎ করে ধনী হবার জন্য আজকাল অনেকেই অসৎ পন্থা অবলম্বন করে।

There is no life without hope. Every man has some hopes in life. Some wants to be a doctor, some wants to be an engineer and others want to be high officials. But most of the people want to be rich. Now-a-days many people adopt unfair means to be rich rapidly.

21. গতকাল সন্ধ্যায় আমি আমার বন্ধুর বাড়ি গিয়েছিলাম। সে আমার বহু পুরাতন ও ঘনিষ্ঠ বন্ধু। সে শহরের একটি বইয়ের দোকানের একজন সামান্য কর্মচারী। যখন আমি তার সাথে সাক্ষাৎ করতে গেলাম তখন সে একটি উপন্যাস পড়ছিল। সে আমার আমার কাছে বিদেশ যাওয়ার ইচ্ছা প্রকাশ করলো।

I went to my friend's house last evening. He is a very old and close friend of mine. He is an ordinary employee in a book stall of town. When I went to meet him, he was reading a novel. He expressed his willingness to go abroad to me.

22. জয়নুল আবেদীন শিল্প ও কৃষ্টির জগতে একটি সুপরিচিত নাম। তিনি বাংলাদেশের বিখ্যাত চিত্রকর ছিলেন। তাঁর তুলিতে আঁকা ছবি আমাদের জীবনের দর্পণ। তিনি অনেক শিল্পীর শিক্ষাগুরু। ঢাকা আর্ট কলেজ তাঁরই অমর

কীর্তির সাক্ষ্য বহন করে। তাঁকে জাতীয় অধ্যাপকরূপে সম্মানিত করা হয়। তিনি ২৮ মে, ১৯৭৬ ইং তারিখে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

Zainul Abedin is a well-known name in the realm of art and culture. He was a famous painter in Bangladesh. Pictures painted by him reflect the mood of our life. He was the master of many painters. Dhaka Art College bears the testimony of his immortal works. He was honoured by giving the status of National Professor. He breathed his last on 28th May, 1976.

23. ট্রেনের হুইসেল শোনা গেল। বন্দুকধারী সিপাইরা এক জায়গায় সারিবদ্ধ হয়ে দাঁড়াল। গাড়ি সশব্দে প-টফর্মে ঢুকল। কোন যাত্রী যেন না নেমে পড়ে, তার বন্দোবস্ত আগে থেকে করা হয়েছে। সিপাইরা তাক করে বন্দুক উঁচু করল, কিন্তু গুলি ছুঁড়তে পারল না। সবাই দেখল একটা ভালুকের গলা ধরে একটি চার বছরের মেয়ে খেলা করছে। গুলি ছোঁড়া চলে না। এখন উপায়?

The whistle of the train was heard. The armed soldiers took their stand in a row at the spot. The train arrived at the station with its usual sound. It was so arranged before hand that no passenger was allowed to get down from the train. The soldiers raised their guns with aims, but they could not fire. Everyone noticed that a four year aged girl was playing with a bear placing her hands round its neck. So firing was not possible. What was the next alternative?

24. মুঘল সম্রাট আওরঙ্গজেবের মামা শায়েস্তা খান ১৬৬৪ সালে বাংলার শাসনকর্তা নিযুক্ত হলেন। তিনি একজন সুশাসক ছিলেন। তিনি অল্প দিনের মধ্যেই বাংলাদেশকে খাদ্যের অভাব হইতে মুক্ত করিয়াছিলেন। তখন চাউল অত্যন্ডু সস্তা ছিল। শায়েস্তা খানের আমলে বাংলাদেশে টাকায় আট মন চাউল পাওয়া যাইত। এই দেশের লোক তখন সুখে-শান্তিতে বাস করিত।

Saista Khan, who was the maternal uncle of the Mughal Emperor Aurongzeb, was appointed a ruler of Bengal in 1664. He was a good administrator. He freed Bangladesh from the want of food in a short period. Rice was very cheap at that time. During his regime people could buy 8 maunds of rice at taka one. The people of this country lived happily and in peace at that period.

25. পদ্মা বাংলাদেশের বৃহত্তম নদী। কিস্তি এটি সাধারণ একটি নদীর চেয়ে অনেক গুরুত্বপূর্ণ, কারণ এটি শতাব্দীর পর শতাব্দী ধরে ব্যবসা বাণিজ্য এবং পণ্য পরিবহনের উন্নতি ঘটিয়েছে এবং দেশের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অগ্রগতির সহায়ক হয়েছে। দুর্ভাগ্যক্রমে বর্তমানে বাংলাদেশের এই প্রধান নদী দূষিত হচ্ছে। পদ্মা দূষণ নিয়ন্ত্রণের জন্য আমাদের কর্মসূচী গ্রহণ করতে হবে।

The Padma is the largest river of Bangladesh. But it is more than a river for centuries because the Padma has promoted trade, commerce, transport and has helped the economic, social and cultural progress of the country. Unfortunately at present this major river in Bangladesh is being polluted. We have to take programme for controlling the pollution of the Padma.

26. ফুল কে না ভালবাসে? ফুল হল পবিত্রতার প্রতীক। যে ফুলকে ভালবাসে না, সে কাউকে ভালবাসতে পারে না। গোলাপের সুবাস আর সৌন্দর্য আমাদেরকে মুগ্ধ করে। এখন আমাদের দেশে ফুল প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়। ফুল কিনতে পাওয়া যায়।

Who does not love a flower? A flower is the symbol of purity. He who does not like a flower, cannot love anybody. The sweet scent and beauty of the rose

charm us. Now-a-days flower exhibitions are held in our country. Flowers are available for purchase.

27. আমাদের দেশের পূর্বে অবস্থিত জাপান এশিয়ার সর্বোন্নত দেশ। সর্বপ্রথম সূর্যোদয় হবার কারণে জাপানকে বলা হয় সূর্যোদয়ের দেশ। এ দেশের ছেলেমেয়েরা ঘুড়ি উড়াতে দারুণ ভালবাসে। নৌকা চালানো এবং সাতার কাটাও ওদের নিয়মিত সখ। ওরা সর্বাঙ্গকরণে বড়দের সম্মান করে আর সমবয়সীদের ভালবাসে।

Japan, the most prosperous country in Asia, is situated to the east of our land. It is called the land of the rising sun since the sun is first seen from this land. The children of this land are very much fond of flying kites. Swimming and boat-race are also their regular hobbies. They pay due respect to the elders and show love to all of their own age.

28. রতন কোন কথা বলল না। নীরবে কাঁদতে লাগল। আমি তার দিকে চাইলাম। তার বয়স দশ। মাতা-পিতা নেই। দুবছর পূর্বে বাড়ি ত্যাগ করেছিল। তখন হতে আমার কাছেই আছে। আজ সকালে আমার স্ত্রী তাকে বকুনি দিয়েছে। তাতেই সে মনে আঘাত পেয়েছে। তাই আমার কাছে দাঁড়িয়ে তার এই নীরব কান্না। কিন্তু সে কোন অভিযোগ করল না।

Ratan spoke no more. He went on weeping silently. I looked at him. He was ten years old and an orphan. He left home two years ago. Since then he has been staying with me. My wife has scolded him this morning. The scolding cut him to the quick. So he was weeping silently standing beside me. But he did not make any complaint.

29. ছাত্রদের নিজস্ব কর্তব্য আছে। নিজেদের প্রতি, পিতামাতার প্রতি, স্ত্রী-স্বজনের প্রতি, দেশের প্রতি এবং সামগ্রিকভাবে সমাজের প্রতি তাদের কর্তব্য আছে। ছাত্রজীবন হলো জীবনের বীজবপনের সময়। সেজন্য একজন ছাত্রের উচিত তার স্বাস্থ্য গঠন করা, ভালো অভ্যাস গড়ে তোলা এবং ভালো ব্যবহার করা। জীবনে ভালো এবং বড়ো হওয়ার নিশ্চিত পথগুলির অন্যতম পথ হলো পিতামাতা ও শিক্ষকের প্রতি অকৃত্রিম শ্রদ্ধা ও ভালোবাসা পোষণ করা এবং মহাপুরুষদের জীবনী পাঠ করা।

Students have their duties. They have duties to themselves, to their parents and relatives, to their country and to the humanity at large. Student life is the seed time of life. So a student should build up his health, form good habits and cultivate good manners. One of the surest ways to be good and great in life is to have genuine love and regard for one's parents and teachers and read the lives of great men.

30. বাংলাদেশ আমাদের জন্মভূমি। আমরা ভালবাসি এদেশের নীল আকাশ, সবুজ মাঠ, নদীর কুলকুল ধ্বনি আর সরল মানুষ। যে দেশকে ভালবাসে সে দেশপ্রেমিক। একজন যথার্থ দেশপ্রেমিক নিজের জীবনের চেয়ে নিজের দেশকে বেশি ভালবাসে। জন্মভূমির মঙ্গল ও উন্নতির জন্য চেষ্টা করা আমাদের পবিত্র দায়িত্ব।

Bangladesh is our home land. We love the blue sky, the green field, the murmuring sound of the rivers and the simple people of this country. The man who loves his country is a patriot. A real patriot loves his country more than his life. It is our holy duty to make efforts for the welfare and progress of our motherland.

31. বাংলাদেশ খুব বড় দেশ নয়, কিন্তু এখানে খুব বেশি লোক বাস করে। মৌসুমী বায়ু এদেশের প্রচুর বৃষ্টিপাত ঘটায়। এর অধিকাংশ ভূমিই সমতল। এখানে নদী আছে। দেশটি দেখতে সুন্দর কারণ এর সর্বত্রই সবুজ গাছ ও সবুজ ফসল। প্রতি বছর বর্ষাকালে অনেক জায়গা প্লাবিত হয়। জনসাধারণের তখন নৌকা দরকার হয় এবং জীবন তাই কঠিন হয়ে পড়ে।

Bangladesh is not a large country, but too many people live here. The monsoon causes abundant rainfall here. Most of the land of it are plain. There are many rivers here. The country is beautiful to look at because there are green trees and crops all over it. Many of its places get inundated in the rainy season every year. Then people require boats and for this reason life becomes difficult.

32. একদিন একটি কুকুর একখন্ড মাংস মুখে করিয়া একটি পুলের উপর দিয়া নদী পার হইতেছিল। নিচে নদীর নির্মল জলে তাহার ছায়া পড়িল। কুকুর উহা দেখিল ও মনে করিল যে, উহা অন্য একটি কুকুর, মুখে এক টুকরা মাংস লইয়া যাইতেছে। সে ভাবিল, ঐ মাংস খন্ড কাড়িয়া লওয়া যাক, তাহা হইলে আমার দুই খন্ড মাংস হইবে।

Once a dog was crossing a bridge over a river with a piece of meat in his mouth. In the clear water below, there was his shadow. He found it and thought that it was another dog with a piece of meat in its mouth. He thought if he could grasp that piece of meat too, he would own two pieces of meat.

33. মাতুল্লের তুলনা নেই। কিন্দুহে অনেক সময় অমঙ্গল আনয়ন করে। যে লুল্লের উত্তাপে সন্ডুল্লের পরিপুষ্টি তারই আধিক্যে সে অসহায় হয়ে পড়ে। মাতুল্লদের মমতার প্রাবল্যে মানুষ আপনাকে হারিয়ে আপন শক্তির মর্যাদা বুঝতেপারে না। ক্রমে জননীর পরম সম্পদ সন্ডুল্ল অলস, ভীরু, দুর্বল ও পরিবর্তনশীল হয়ে পড়ে। অন্ধ মাতুল্লহে সে কথা বোঝে না।

The affection of a mother is matchless. But this love sometimes brings bad effects. Brought up under a mother's unflinching care and love, a child tends to become helpless and inactive. The root cause is that a child loses his stamina to understand his own ability. As a result, her dearest son, her precious treasure gradually becomes idle, timid, weak and changing. Still then, the mother does not understand the effect of her blind love.

34. ছাত্রজীবন হলো ভবিষ্যৎ প্রস্তুতির কাল। এটি হলো জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়। একজন ছাত্র আজ যুবক কিন্তু আগামীদিনে সে হয়ে উঠবে পূর্ণবয়স্ক। তার নানারকম কর্তব্য আছে। সেগুলি তার ভালোভাবে করা উচিত। ছাত্র হিসেবে তার প্রথম কর্তব্য হলো লেখাপড়া শেখা। তার পড়াশুনার প্রতি সচেতন হওয়া উচিত।

Student life is the time of preparation for future. This is the most important period of life. A student is young today. But he will be a man to-morrow. He has different duties. He should perform them well. As a student, his first duty is to study and learn. He should be careful to his lessons.

35. বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি স্বাধীন দেশ। আয়তনের তুলনায় এর জনসংখ্যা অত্যন্ত বেশি। ফলে বিদেশ হতে প্রতি বছর প্রচুর খাদ্য শস্য আমদানি করতে হয়। খাদ্য শস্যের উৎপাদন বাড়তে না পারলে দেশের কোন উন্নতি হবে না। এ ব্যাপারে আমাদের সবার চেষ্টা করা উচিত।

Bangladesh is an independent country in South Asia. Her population is too large for her total area. As a result, we have to import a lot of food grains from foreign countries. If we cannot increase the production of food grains, our country will make no progress. All of us should try our best in this respect.

36, ইংরেজি আন্তর্জাতিক ভাষা। পৃথিবীতে এমন কোন দেশ নেই যেখানে ইংরেজি শেখানো হয় না। একবার আনন্দ পেলে এ ভাষা না শিখে পারা যায় না। বাংলা ভাষা সমৃদ্ধ করার লক্ষ্যেই ইংরেজি শেখা উচিত। তুমি কি ইংরেজি বলা পছন্দ কর না?

English is an international language. There is hardly any country in the world where English is not taught. If one once finds interest in it, one cannot but learn

it. We should learn English with a view to enriching Bengali. Don't you like speaking English?